



# বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি

## পোলঘাট, বাগেরহাট

E-mail : bagerhatpbs@yahoo.com  
WebSite : www.pbs.bagerhat.gov.bd

১৪ কার্তিক' ১৪৩১ বাংলা

স্মারক নং-২৭.১২.০১০৮.৫৩২.০৭.০২২.২৪.

৪৪০৫

তারিখঃ -----

৩০ অক্টোবর' ২০২৪ খ্রিষ্টাব্দ

### দরপত্র বিজ্ঞপ্তি (LTM)"


- ০১৥ বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি এর তালিকাভুক্ত পূর্বযোগ্যতা প্রাপ্ত মিনি ঠিকাদারী প্রতিষ্ঠান এর নিকট হতে লাইন রক্ষনাবেক্ষণ/ক্ষুদ্র লাইন সম্প্রসারণ কাজের আওতায় নিম্নলিখিত শর্ত সাপেক্ষে সীলমোহরকৃত খামে দরপত্র আহবান করা যাচ্ছে।
- ০২৥ দরপত্রের বিবরণঃ লাইন রক্ষনাবেক্ষণ/ক্ষুদ্র লাইন সম্প্রসারণ কাজ।

ক্রঃ নং	দরপত্র নং	বিড প্যাকেজ নং	কাজের বিবরণ	প্রাক্কলিত মূল্য (টাকা)	আর্নেস্ট মানির পরিমাণ (টাকা)	বিড প্যাকেজ এর মূল্য (অফেরতযোগ্য) টাকা
১	W-24-031	BPBS-C-24-031	ক্ষুদ্র লাইন সম্প্রসারণ (১০০-৪২)	১০০০০০০.০০	৩০০০০/=	১০০০.০০
২	W-24-032	BPBS-C-24-032	লাইন রক্ষনাবেক্ষণ (ওএন্ডএম)	১০০০০০০.০০	৩০০০০/=	১০০০.০০
৩	W-24-033	BPBS-C-24-033	ক্ষুদ্র লাইন সম্প্রসারণ (১০০-৪২)	১০০০০০০.০০	৩০০০০/=	১০০০.০০
৪	W-24-034	BPBS-C-24-034	লাইন রক্ষনাবেক্ষণ (ওএন্ডএম)	১০০০০০০.০০	৩০০০০/=	১০০০.০০

### শর্তাবলী :-


- ০৩৥ দরপত্র দলিল অত্র সমিতি হতে আগামী ১২/১১/২০২৪ খ্রিঃ তারিখ পর্যন্ত অফিস চলাকালীন সময়ে নিজস্ব লেটার হেড প্যাডে আবেদন পূর্বক সমিতির অনুকূলে ১০০০.০০(এক হাজার) টাকা ক্যাশ শাখায় নগদ জমা প্রদান স্বাপেক্ষে ত্রয় করা যাবে।
- ০৪৥ পবিস নির্দেশিকা ১০০-৪১ অনুযায়ী প্রতিটি দরপত্র প্রাক্কলিত মূল্যের সর্বোচ্চ ৫% নিম্নদরে অথবা প্রাক্কলিত মূল্যের সমদরে দাখিল করা যাবে।
- ০৫৥ প্রতিটি দরপত্র দাখিলের সময় বর্ণিত আর্নেস্ট মানি “বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি” এর অনুকূলে বাংলাদেশের যে কোন তফসিল ব্যাংক (বাপবিবো কর্তৃক কালো তালিকাভুক্ত ব্যাংক ব্যতীত) হতে পে-অর্ডার/ ব্যাংক ড্রাফট আকারে জমা দিতে হবে। কোন অবস্থাতেই প্রয়োজনীয় আর্নেস্ট মানি ছাড়া দরপত্র বৈধ হিসেবে গ্রহণ করা হবে না।
- ০৬৥ দরপত্র সমূহ আগামী ১৮/১১/২০২৪ খ্রিঃ তারিখ বেলা ১২:০০ ঘটিকা পর্যন্ত অত্র পবিস-এ রক্ষিত টেন্ডার বাক্সে গ্রহণ করা হবে এবং একই দিন বেলা ১২:৩০ ঘটিকার সময় উপস্থিত দরদাতাদের সম্মুখে (যদি কেহ উপস্থিত থাকেন) দরপত্র মূল্যায়ন কমিটি কর্তৃক অত্র দপ্তরে দরপত্র সমূহ খোলা হবে।
- ০৭৥ উদ্বৃত্ত দর সরকারী বিধি মোতাবেক মূল্য সংযোজন করসহ উদ্বৃত্ত বলে বিবেচিত হবে। পৃথকভাবে মূল্য সংযোজন কর উল্লেখ করা কোন দরপত্র গ্রহণ করা হবে না।
- ০৮৥ প্রতিটি দরপত্রের বিপরীতে দক্ষ লোকবল, প্রয়োজনীয় টুলস/ যন্ত্রপাতির তালিকা প্রদান করতে হবে। দরপত্রে অংশগ্রহণকারী প্রতিষ্ঠানের অবশ্যই প্রয়োজনীয় সংখ্যক বাপবিবোর্ডের প্রশিক্ষণ প্রাপ্ত সুপারভাইজার ও লাইনম্যানসহ প্রয়োজনীয় লোকবল থাকতে হবে।
- ০৯৥ সর্বনিম্ন দরদাতা প্রতিষ্ঠানের সংখ্যা একাধিক হলে অত্র পবিস এর দরপত্র মূল্যায়ন কমিটি দরদাতা প্রতিষ্ঠানের প্রতিনিধিদের উপস্থিতিতে লটারী করে ১ম, ২য় ও সর্বনিম্ন দরদাতা নির্ধারণ করবেন।
- ১০৥ যে সকল দরদাতা প্রতিষ্ঠান কার্যাদেশ প্রাপ্তির জন্য বিবেচিত হবেন তাদেরকে পর্যায়ক্রমে কার্যাদেশ ইস্যু করা হবে।
- ১১৥ সন্তোষজনক ভাবে কার্য সম্পাদনের পর প্রয়োজনীয় সকল দলিলাদি সহ বিল দাখিল করতে হবে এবং পবিস কর্তৃক প্রয়োজনীয় পরীক্ষা নিরীক্ষার পর একাউন্ট পেয়ী চেকের মাধ্যমে বিল পরিশোধ করা হবে।

- ১২॥ ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে দরপত্র প্রেরণ করা যাবে না। তবে নির্ধারিত তারিখ ও সময়ের পর প্রাপ্ত দরপত্র সমূহ না খুলে ফেরৎ প্রদান করা হবে।
- ১৩॥ ২০২৪-২০২৫ অর্থ বছরের স্থায়ী পূর্বযোগ্যতা প্রাপ্ত/সাময়িক পূর্বযোগ্যতা প্রাপ্ত মিনি ঠিকাদারী প্রতিষ্ঠান দরপত্রে অংশ গ্রহন করতে পারবেন। কোন ঠিকাদারী প্রতিষ্ঠানের ক্লোজআউট পেন্ডিং থাকলে তাদের দরপত্র বিবেচনা করা হবে না।
- ১৪॥ কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন দরপত্র গ্রহণ অথবা বাতিল করার অধিকার কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।
- ১৫॥ কার্যাদেশ প্রাপ্ত মিনি ঠিকাদার প্রতিষ্ঠান-কে চুক্তিমূল্যের ২.৫% নিরাপত্তা জামানত “বাগেরহাট পল্লী বিদ্যুৎ সমিতি” এর অনুকূলে যে কোন তফসীল ব্যাংক (বাপবিবো কর্তৃক কালো তালিকাভুক্ত ব্যাংক ব্যতীত) হতে পে-অর্ডার / ব্যাংক ড্রাফট জমা স্বাপেক্ষে চুক্তি সম্পাদন করতে হবে।
- ১৬॥ শর্তে উল্লেখ নাই এমন কোন বিষয়ের উদ্ভব হলে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

  
(মোঃ ছিদ্দিকুর রহমান)  
জেনারেল ম্যানেজার (অঃদাঃ)

অনুলিপিঃ- (সদয় অবগতির জন্য)

- ০১। তত্ত্বাবধায়ক প্রকৌশলী, ফরিদপুর জোন, বাপবিবো, ফরিদপুর।
- ০২। ডিজিএম, (সদর-কারিগরী) বাপবিস।
- ০৩। এজিএম (অর্থ), বাপবিস।
- ০৪। এজিএম (আইটি), বাপবিস (ওয়েব সাইটে প্রকাশের জন্য)।
- ০৫। নোটিশ বোর্ড, বাপবিস।
- ০৬। অফিস কপি/মাষ্টার কপি।

  
(মোঃ ছিদ্দিকুর রহমান)  
জেনারেল ম্যানেজার (অঃদাঃ)

@hossain